দৈনিক ইনকিলাব

১৭

তারিখ 25 AUG 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ময়মনসিংহ শিক্ষা বোর্ড চাই,

প্রায় দুই কোটি জনসংখ্যা অধ্যুষিত বৃহত্তর ময়মনসিংহ জেলার শিক্ষা উন্নয়নে নিজস্ব শিক্ষা বোর্ড প্রয়োজন। বৃহত্তর ময়মনসিংহের ৬টি জেলা (জামালপুর, শেরপুর, টাংগাইল, নেত্রকোনা, কিশোরগঞ্জ ও ময়মনসিংহ) শিক্ষায় দেশের সবচেয়ে অনগ্রসর এলাকা। বিশেষ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান ও তার সদর এলাকা ব্যতীত কোথাও তেমন শিক্ষার আলো নেই। তাই এখানকার মানুষ সবচেয়ে বেশী কৃষিজীবী ও ঘরমুখী এবং এখানে তেমন কোন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেনি। বেকারত্ব, অভাব ও ব্যধি এখানে নিত্য দিনের সাথী। এরই মাঝে যে দু'একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে, সেগুলির দূরগ্রাম থেকে স্কুলের কাজে বার বার ঢাকায় আসতে হয়। আগে যে কাজটি 'চিঠি'তে সম্ভব ছিল এখন তা উপস্থিত থেকে দিনের পর দিন অপেক্ষা করে করতে হয়। এখানে শিক্ষকদের থাকা (ঢাকায়) যেমন ব্যয়বহুল, তেমনি শিক্ষার সময়ও অপচয় হয়। সর্বোপরি এর ব্যয় বহন করতে হয় দরিদ্র স্কুল ছাত্রদের।

সরকারের দু'হাজার সাল নাগাদ 'সবার জন্য শিক্ষা' বাস্তবায়ন ও তা সফল করতে চাইলে বৃহত্তর ময়মনসিংহের 'ময়মনসিংহ শিক্ষা বোর্ড' স্থাপন জরুরীভাবে সম্পন্ন করা উচিত।

মোহাম্মদ হারুন,
বি কে হাসপাতাল, ডাক- রেখির পাড়া,
জামালপুর।